গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নংঃ- ৫৯.১৪.০০০০.১০৫.৩৫.০০১.২৪.১১৪৯ তারিখ : ২৬-০৫-২০২৫ খ্রি.

## ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ বিইউএমএস (BUMS), বিএএমএস (BAMS) এবং বিএইচএমএস (BHMS) কোর্সসমূহে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

(সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, বেসরকারি রওশন জাহান ইউনানী মেডিকেল কলেজ, লক্ষীপুর, বেসরকারি হামদর্দ ইউনানী মেডিকেল কলেজ, বগুড়া, হামদর্দ ইনস্টিটিউট অব ইউনানী আয়ুর্বেদিক মেডিসিন, গজারিয়া, মুন্সিগঞ্জ এবং বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, জয়কালি মন্দির, ঢাকায় শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য)

২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ *BUMS* (ব্যাচেলর অব ইউনানী মেডিসিন এন্ড সার্জারী)/*BAMS* (ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারী)/*BHMS* (ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী) কোর্সে ভর্তির লক্ষ্যে ভর্তি পরীক্ষার আবেদন অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহবান করা হচ্ছে:

০১. বাংলাদেশী শিক্ষার্থী যারা ২০২১ বা ২০২২ সনে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং ২০২৩ বা ২০২৪ সনে এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান বিষয়সহ উত্তীর্ণ হয়েছেন তারা ভর্তির আবেদন করার যোগ্য হবেন। ইংরেজি ২০২১ সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।

০২. আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ পেতে হবে তবে কোনো শিক্ষার্থী এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর চেয়ে কম প্রাপ্ত হলে আবেদনের যোগ্য হবেন না।

০৩. উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হলে আবেদনের যোগ্য হবেন না।

০৪. সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি ৩.৫০ থাকতে হবে।

| | | |
|---|---|---|
| ০৫. | অনলাইনে আবেদন শুরুর তারিখ | : ০১-০৬-২০২৫ খি. (সকাল ১০.০০ টা) |
| ০৭. | অনলাইনে আবেদনের শেষ তারিখ | : ১৭-০৬-২০২৫ খ্রি. (রাত ১১:৫৯ মি:) |
| ০৮. | অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ | : ১৮-০৬-২০২৫ খ্রিঃ (রাত ১১.৫৯ মিঃ) |
| ০৯. | প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড) | : ২৫-০৬-২০২৫ খ্রি. হতে ২৬-০৬-২০২৫ খ্রি. পর্যন্ত |
| ১০. | ভর্তি পরীক্ষার তারিখ | : ২৭-০৬-২০২৫ খ্রি. (শুক্রবার বেলা ৩.০০টা হতে ৪.০০ টা পর্যন্ত) |

১০. ১০০(একশত) নম্বরের ১০০ (একশত)টি এমসিকিউ প্রশ্নের ১(এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় বিষয় ভিত্তিক নম্বর বিন্যাস: জীববিজ্ঞান ৩০; রসায়নবিদ্যা ২৫; পদার্থবিজ্ঞান ২০; ইংরেজি ১৫; সাধারণ জ্ঞান ১০। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গন্য হবেন।

১১. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ১০০ নম্বর হিসেবে নির্ধারণ করে নিম্নলিখিতভাবে মূল্যায়ন করা হবে ঃ
ক) এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১০ গুণ = ৫০ নম্বর (সর্বোচ্চ)
খ) এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১০ গুণ = ৫০ নম্বর (সর্বোচ্চ)

১২. লিখিত পরীক্ষায় নূন্যতম ৪০ বা তদুর্ধ প্রাপ্ত নম্বরধারীদের নম্বরের সাথে প্রাপ্ত জিপিএ যোগ করে ভর্তির জন্য মেধা তালিকা প্রণয়ন করা হবে।

১৩. অনলাইনে আবেদন পুরণ করার সময় নির্দেশাবলি *www.dgme.gov.bd* ও *www.dghs.gov.bd* ভালভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরীক্ষা ফিসের ১০০০/- (এক হাজার) টাকা শুধু Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।

১৪. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় করা হবে।

১৫. বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা (যদি কেউ থাকে) তাদের মার্কস সার্টিফিকেট সমূহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর পূর্বক Equivalence Certificate সংগ্রহ করার পর আইডি নম্বর দিয়ে অনলাইনে আবেদন করতে পারবে। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- (দুইহাজার) টাকার ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করে আইডি নম্বর গ্রহন করতে হবে।

১৬. বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে বিএইচএমএস কোর্সে ডিপ্লোমা ডিগ্রীধারী শিক্ষার্থীদের জন্য ৫০ টি আসন সংরক্ষিত আছে। ডিপ্লোমা পাশকৃত বর্ণিত শিক্ষার্থীদের আগামী ২৭/০৫/২০২৫ খ্রি. হতে ০৩/০৬/২০২৫ খ্রি. তারিখের মধ্যে এসএসসি পরীক্ষার মার্কশীট, ডিপ্লোমা পাশের চূড়ান্ত পর্বের মার্কশীট, ডিপ্লোমা সনদের সত্যায়িত কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদান করে আইডি নম্বর গ্রহণ করতে হবে যা ভর্তি পরীক্ষার অনলাইন আবেদনের সময় প্রয়োজন হবে। উল্লেখ্য যে, আইডি নম্বর গ্রহণ না করলে ডিপ্লোমা পাশকৃত পরীক্ষার্থীগণ আবেদন করতে পারবেন না। ভর্তি পরীক্ষার আইডি নম্বর প্রদান ও ডিপ্লোমা কোর্সের নম্বর সমতাকরণ ফি ২০০০/- (দুই হাজার টাকা) যা পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডারসহ আবেদন পূর্বক প্রদান করতে হবে।

১৭. অনলাইন ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য website:http://dgme.teletalk.com.bd স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট www.dgme.gov.bd ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে। এ ছাড়াও সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের অধ্যক্ষের দপ্তরেও তথ্য পাওয়া যাবে।

১৮. অনুমোদিত বেসরকারি রওশন জাহান ইউনানী মেডিকেল কলেজ, লক্ষীপুর, বেসরকারি হামদর্দ ইউনানী মেডিকেল কলেজ, বগুড়া, হামদর্দ ইনস্টিটিউট অব ইউনানী আয়ুর্বেদিক মেডিসিন, গজারিয়া, মুন্সিগঞ্জ এবং বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, জয়কালি মন্দির, ঢাকায় উল্লিখিত কোর্সসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে কেন্দ্রীয় ভাবে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৪০বা তদূর্ধ প্রাপ্ত নম্বরধারীদের প্রস্তুতকৃত মেধাক্রমের জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্ত আবেদনপত্রসমূহের পূর্নাঙ্গ তালিকা প্রকাশ করে নির্ধারিত আসনে যোগ্য শিক্ষার্থী ভর্তি করতে পারবেন।

১৯. বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের ৫০% আসনে সমন্বিত ভর্তি পরীক্ষার নিয়ম অনুযায়ী শিক্ষার্থী ভর্তি কার্যক্রম পরিচালিত হবে এবং অবশিষ্ট ৫০% আসন ডিপ্লোমাধারীদের জন্য সুনির্দিষ্ট থাকবে।

২০. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমানিত হলে, তার ভর্তি বাতিল বলে গন্য হবে।

২১. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
email: medicaledu313@gmail.com

CamScanner